

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

भमीनात প্রান্তদেশে মक्का সেনা বাহিনী (الْجَيْشُ الْمَكِّيْ إَلَى أَسْوَار الْمَديْنَةِ):

এদিকে মক্কা সেনাবাহিনী সুপ্রসিদ্ধ রাজপথ দিয়ে চলতে থাকে। যখন তারা আবওয়া নামক স্থানে পৌঁছে তখন আবৃ সুফইয়ানের স্ত্রী হিন্দা বিনতু 'উতবাহ এ প্রস্তাব দেয় যে, রাসূলুল্লাহ (ﷺ) এর মাতার সমাধি উৎপাটন করা হোক। কিন্তু এর দরজা খুলে দেয়ার কঠিন পরিণামের কথা চিন্তা করে সেনাবাহিনী তার এ প্রস্তাব প্রত্যাখান করে। এরপর এ সেনাবাহিনী তাদের সফর অব্যাহত রাখে এবং শেষ পর্যন্ত মদীনার নিকটবর্তী হয়ে প্রথমে 'আকীক, নামক উপত্যকা অতিক্রম করে। তারপর কিছুটা ডান দিকে বাঁকিয়ে উহুদের নিকটবর্তী 'আয়নাইন' নামক স্থানে শিবির স্থাপন করে, যা মদীনার উত্তরে 'কানাত' উপত্যকার ধারে অবস্থিত, এটা ছিল তৃতীয় হিজরীর ৬ই শাওয়াল, শুক্রবারের ঘটনা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6233

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন